



## ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।



ফোন নং- ০৮৫১-৫৭৫০০

ই মেইল bbariapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২৩. ০০০০

তারিখঃ ০১ অগ্রহায়ন ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে ট্রান্সফরমারের পোড়া তেল রিফাইন করার জন্য দরপত্র বিজ্ঞপ্তি।

অত্র পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত ট্রান্সফরমারের পোড়া তেল রিফাইন করার জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে নিম্নবর্ণিত বিবরণ ও শর্তসাপেক্ষে সীলমোহরকৃত কোটেশন/দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	১৮/২০২৩-২৪	ট্রান্সফরমারের পোড়া তেল রিফাইন	১০০ ব্যারেল		

### শর্তাবলীঃ-

- আগ্রহী দরদাতাগণ দরপত্র আলাদা একটি খামে আগামী ২৩/১১/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা, খ) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে রাখতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।
- দরপত্র সমূহ ঐদিনই অর্থাৎ ২৩/১১/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.০৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরদাতাগণকে অবশ্যই সীলগালা করে খামের উপরের অংশে সুস্পষ্টভাবে “ ট্রান্সফরমারের পোড়া তেল রিফাইন ” শব্দটি লিখতে হবে।
- কোটেশনে অংশ গ্রহনকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের কোটেশনের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট ও আয়কর সনদপত্র এর সত্যায়িত ফটোকপি রাখতে হবে।
- প্রদত্ত ১০০ ব্যারেল (১০০x২০৫) = ২০,৫০০ লিটার অয়েল হতে কমপক্ষে ৭৫% হতে ৮০% রিফাইনকৃত তেল ফেরত দিতে হবে। তবে প্রকৃত পরিমাণ তেলের প্রাথমিক রাসায়নিক পরীক্ষায় নির্ধারিত হবে। ব্যারেল অনুযায়ী নির্ধারিত পরিমাণ তেল ইনভেন্টরিতে পবিসের প্রতিনিধি স্বাক্ষর করবেন।
- কার্যাদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে তেলের কেমিক্যাল ট্রিটমেন্ট ও রিফাইন কার্যাদি সম্পন্ন পূর্বক সমিতিতে ডেলিভারী দেওয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। তৎপূর্বে রিফাইনকৃত তেল পবিসের প্রতিনিধি এবং সিস্টেম অপারেশন এন্ড ডিসট্রিবিউশন প্রতিনিধির উপস্থিতিতে টেস্ট করার বিষয়ে লিখিত ভাবে কমপক্ষে ০৫ (পাঁচ) দিন পূর্বে অবহিত করতে হবে।
- ট্রান্সফরমার তেল রিফাইন করার জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের প্রদানকৃত লাইসেন্স এর কপি সংযুক্ত করতে হবে।
- পবিস কর্তৃক প্রদানকৃত পুরাতন ড্রাম পরিবর্তন করে নতুন ড্রাম সরবরাহ করতে হবে। এক্ষেত্রে প্রতি পুরাতন ড্রাম ৩০০.০০ (তিনশত) টাকা হারে সমিতিতে প্রদান করতে হবে এবং নতুন সরবরাহকৃত ড্রামের মূল্য বাবদ পবিস হতে ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে প্রদান করা হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% জরিমানা হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তন যোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না।
- রিফাইনকৃত তেল সমিতির স্টোরে জমা দেওয়ার পর সরবরাহকৃত তেল এর টেস্ট রিপোর্ট চালান ও বিল রাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- রিফাইনকৃত তেলের গুণগতমান কমপক্ষে ০১ (এক) বৎসর গ্রহণযোগ্য পর্যায়ে থাকতে হবে। অন্যথায়, তেল পুনরায় রিফাইন করার পর নিজ খরচে সমিতিতে ফেরত প্রদান করতে হবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী নিয়ম অনুসারে ভ্যাট, আয়কর কর্তন করা হবে।
- নিজ দায়িত্বে রিফাইনকৃত তেল গ্রহণ করে পরিবহন করতে হবে এবং রিফাইন করার পর উক্ত তেল নিজ খরচে সমিতিতে পরিবহন করে জমা দিতে হবে। এর জন্য পৃথকভাবে কোন পরিবহন খরচ দেওয়া হবে না।

- ১৪। রিফাইনকৃত তেল অত্র পবিসের প্রতিনিধি এবং সিস্টেম অপারেশন এন্ড ডিসট্রিবিউশন প্রতিনিধির উপস্থিতিতে টেস্ট করতে হবে।  
১৫। উল্লিখিত শর্তাবলী ব্যতীত অন্য কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

15.11.23

(মোঃ আখতার হোসেন)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।  
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।  
০৩। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।  
০৪। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।  
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ব্রাহ্মণবাড়িয়া।  
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া।  
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।  
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।  
০৯। ডিজিএম, কসবা সদর জেনারেল অফিস/সহঃ প্রকৌশলী, বাপবিবোর্ড, ব্রাহ্মণবাড়িয়া/এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), ব্রাহ্মণবাড়িয়া পবিস।  
১০। মেসার্স -----  
১১। নোটিশবোর্ড/ওয়েবসাইট/অফিস/মাস্টারকপি।

16.11.23

(ইন্দ্রজিত চন্দ্র ভৌমিক)

এজিএম (প্রশাসন)